4

10 DEC 1994

তারিখ ... 10 DEC 1994 ... ..
পৃষ্ঠা ৫ কলাম ২

আজকের কাগজ

## ইউপি চেয়ারম্যান ও কর্মকর্তাদের অসহযোগিতা

# ফুলবাড়িতে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ভেস্তে যেতে বসেছে

অমর চাঁদ গুপ্ত অপু : ইউপি চেয়ারম্যান ও সরকারি কর্মকর্তাদের অসহযোগিতার জন্যে সরকার ঘোষিত বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কার্যক্রম দিনাজপুরের ফুলবাড়িতে ভেস্তে যেতে বসেছে। দিনাজপুরের ফুলবাড়ি থানায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কার্যক্রম দ্রুত বাস্তবায়নের জন্যে স্থানীয় সাংসদকে উপদেষ্টা এবং থানা নির্বাহী কর্মকর্তাকে সভাপতি ও থানা শিক্ষা কর্মকর্তাকে সদস্য সচিব করে ২৪ সদস্য বিশিষ্ট থানা বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কমিটি গঠন করা হয়। এই শিক্ষা কমিটিতে থানার ৭টি ইউপি'র চেয়ারম্যান, ৬ জন সরকারি কর্মকর্তা, ৪ জন প্রাথমিক ও উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও শিক্ষিকাসহ ৫ জন সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি ও ১ জন বিদ্যোৎসাহী ব্যক্তি সদস্য রয়েছেন। কমিটির শুরু থেকে প্রায় প্রতিটি সভাতেই ইউপি চেয়ারম্যান ও সরকারি কর্মকর্তাদের অনুপস্থিতির কারণে এ পর্যন্ত ফুলবাড়ি থানায় গণশিক্ষা কার্যক্রম চালু এবং ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কার্যক্রম দ্রুত বাস্তবায়নের লক্ষ্যে সুষ্ঠু কোনো পদক্ষেপ গ্রহণ করা সম্ভব হয়নি। গত ১২ নভেম্বর বিকেলে ৫৭৫/২৪ নং স্মারকে শিক্ষা কমিটির সভাপতি ও থানা নির্বাহী কর্মকর্তা তার অফিস কক্ষে এক সভা আহবান করলে ২৪ সদস্যের কমিটির সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন মাত্র ১০ জন সদস্য। সভায় ৬ জন ইউপি চেয়ারম্যান ও ৪ জন সরকারি কর্মকর্তা অনুপস্থিত থাকার কারণে ফুলবাড়িতে গণশিক্ষা কার্যক্রম চালু এবং ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের লক্ষ্যে সুষ্ঠু ও কার্যকরী কোনো পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত নেয়া সম্ভব হয়নি। এ ব্যাপারে শিক্ষা কমিটির অন্যতম সদস্য ও আলাদীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি জানান, ফুলবাড়ি থানার ইউপি চেয়ারম্যান ও কতিপয় সরকারি কর্মকর্তার সহযোগিতার অভাবে থানায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে কার্যকরী পদক্ষেপ শিক্ষা কমিটির পক্ষে গ্রহণ করা সম্ভব হচ্ছে না।